# জাতীয় পরিচয়পত্র ও ভোটার নিবন্ধন নিয়ে রোববার ইসির বৈঠক




সংগৃহীত ছবি

জাতীয় পরিচয়পত্র (এনআইডি), ভোটার তালিকা এবং নির্বাচন ব্যবস্থাপনা তথ্য প্রযুক্তি সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ সভা রোববার (৯ নভেম্বর) অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচন ভবনের সম্মেলন কক্ষ (৫২০) বিকেল ৩টায় অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করবেন কমিটির সভাপতি, নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল আবুল ফজল মো. সানাউল্লাহ (অব.)। এনআইডির পরিচালক (অপারেশনস) মো. সাইফুল ইসলামের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে সভার এই সময়সূচি জানানো হয়েছে।

সভায় মূলত জাতীয় পরিচয়পত্র সংশোধন প্রক্রিয়া, ভোটার নিবন্ধন এবং এনআইডি প্রণয়ন সংক্রান্ত বিষয়গুলি নিয়ে আলোচনা হবে। এছাড়াও দেশে এবং বিদেশে বসবাসরত বাংলাদেশি নাগরিকদের ভোটার নিবন্ধন প্রক্রিয়া, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কাজের দায়িত্ব নির্ধারণ, আদর্শ পরিচালনাপদ্ধতি (এসওপি) সংশোধন এবং নির্বাচন ব্যবস্থাপনার সঙ্গে সম্পর্কিত অন্যান্য আনুষঙ্গিক বিষয়গুলোও আলোচ্য হবে।

LENS ASIA